

# ভ্যানকোমাইসিন প্রতিরোধী এন্টারোকোকি (ভিআরই)

রোগীদের জন্য তথ্য এবং পরামর্শ

## সংক্রমণ প্রতিরোধ ও নিয়ন্ত্রণ

আপনি যদি এই লিফলেটে কোনো সংশোধন বা পরিমার্জন করতে চান,  
অনুগ্রহ করে এসডব্লিউবি লাইব্রেরী সার্ভিসেস এর সাথে 3587 এক্সটেনশনে  
যোগাযোগ করুন অথবা [swbh.library@nhs.net](mailto:swbh.library@nhs.net). ঠিকানায় ইমেইল করুন।



বার্মিংহাম ইউনিভার্সিটির একটি শিক্ষণ ট্রাস্ট  
Incorporating City, Sandwell and Rowley Regis Hospitals

© Sandwell and West Birmingham NHS Trust

ML5005

প্রকাশের তারিখ: জানুয়ারি 2023  
পর্যালোচনার তারিখ: জানুয়ারি 2026

PATIENTS  
PEOPLE  
POPULATION



### ভিআরই রয়েছে এমন রোগীদের জন্য বিশেষ সতর্কতা কী?

ছড়িয়ে পড়া ভিআরই রোধ করার জন্য বিশেষ সতর্কতা ডিজাইন করা হয়েছে। আপনার যদি ভিআরই-এর পরীক্ষার ফলাফল ইতিবাচক হয়ে থাকে, তাহলে আপনার নিজস্ব টয়লেট অথবা কমোড সহ একটি আইসোলেশন রুমে আপনার যত্ন নেওয়ার প্রয়োজন রয়েছে কিনা সেই ব্যাপারে সিদ্ধান্ত নেওয়ার জন্য একটি সতর্কতামূলক পরীক্ষা করা হবে। যদি ভিআরই একটি ক্ষতের সোয়াব অথবা মূত্রনালির ক্যাথেটার থেকে নেওয়া প্রস্রাব থেকে ছড়ায় অথবা আপনার যদি ডায়রিয়া হয়, সেক্ষেত্রে আপনাকে একটি আইসোলেশন রুমে পরিচর্যা করা হতে পারে।

ভিআরই ডায়রিয়ার কারণ হয় না কিন্তু যেহেতু তারা অল্পে বাস করে, তাই এগুলো আরও সহজে ছড়িয়ে যেতে পারে আপনি যদি ডায়রিয়ায় ভুগে থাকেন। স্টাফরা তাদের হাত এবং জামাকাপড়কে ভিআরই থেকে রক্ষা করতে আপনার সংস্পর্শে আসার আগে গ্লাভস ও অ্যাপ্রোন পরবেন। রোগী, স্টাফ ও ভিজিটরদের অবশ্যই হাতের পরিষ্কৃত্যের প্রতি বিশেষ মনোযোগ দিতে হবে। সকল স্টাফদের তাদের ভিআরই রয়েছে কিনা তা নির্বিশেষে অবশ্যই প্রত্যেক রোগীর সংস্পর্শে আসার আগে ও পরে তাদের হাতগুলো পরিষ্কার করতে হবে। ভিজিটররা যদি আপনার শারীরিক যত্ন নিতে সাহায্য করেন, সেক্ষেত্রে নার্সিং স্টাফরা পরামর্শ দেবেন যদি অতিরিক্ত সতর্কতার প্রয়োজন হয়, যেমন গ্লাভস ও অ্যাপ্রোন পরা।

### আমি কিভাবে সহায়তা করতে পারি?

আপনি যদি সার্জারি, অন্য ক্লিনিক, হাসপাতাল অথবা নার্সিং হোমে যান, সেক্ষেত্রে তাদেরকে জানান যে আপনার ভিআরই পরীক্ষার ফলাফল ইতিবাচক হয়েছে। তারা তখন বিশেষ সতর্কতা অবলম্বন করতে পারবেন যাতে সংক্রমণটি অন্য রোগীদের মধ্যে ছড়িয়ে না পরে যারা বেশি আক্রান্ত প্রবণ হতে পারেন।

### আমি হাসপাতাল ছাড়ার জন্য প্রস্তুত হলে কী হবে?

আপনার ডাক্তার আপনি প্রস্তুত বলার সাথে সাথেই আপনি বাড়িতে যেতে পারবেন, এমনকি যদি আপনার সংক্রমণ থেকেও থাকে কেননা ভিআরই বহন করা আপনার ছাড় পাওয়াকে প্রভাবিত করবে না। আপনি যদি অন্য হাসপাতালে অথবা নার্সিং হোমে যেতে হয়, তাহলে আপনার নার্স অথবা ডাক্তার তাদেরকে আপনার ভিআরই পরীক্ষার ইতিবাচক ফলাফল সম্পর্কে জানাবেন যাতে তারা অন্য রোগীদের মধ্যে এটির ছড়িয়ে পড়া রোধ করতে পদক্ষেপ নিতে পারেন।

## আমি বাড়িতে গেলে কী হবে?

বাড়িতে বিশেষ সতর্কতা অবলম্বন করার প্রয়োজন নেই। কমিউনিটির লোকজনেরা সাধারণত ফিট ও সুস্থ থাকে তাই হাসপাতালের রোগীদের তুলনায় তাদের ভিআরই হওয়ার সম্ভাবনা কম। জামাকাপড়, বিছানার চাদর ও থালা-বাসন আগের মতোই ধোয়া যাবে। টয়লেট ব্যবহার করার পরে এবং অন্য লোকজনদের মধ্যে সংক্রমণ ছড়িয়ে পড়া বন্ধ করতে খাবার প্রস্তুত করার আগে অথবা খাওয়ার আগে আপনার হাত ধোয়া সবসময়ই খুব গুরুত্বপূর্ণ। পরিষ্কার হাত আপনাকে ও অন্যান্যদের অনেক সংক্রমণ থেকে রক্ষা করে, শুধু ভিআরই থেকেই নয়।

## আমি কি ভিআরই থেকে মুক্তি পাব?

আপনি আরোগ্যলাভ করার সাথে সাথে আপনার শরীর অল্প থেকে ভিআরই পরিষ্কার করে ফেলতে পারে, কিন্তু ঘটনা সবসময় এমনটি হয় না, তারা কিছু সময়ের জন্য অল্পের মধ্যে থাকতে পারে। অ্যান্টিবায়োটিক গ্রহণ করলে অল্পের মধ্যে সংক্রমণ আবার বৃদ্ধি পেতে পারে, তাই এগুলো শুধুমাত্র একটি খুব ভাল কারণে গ্রহণ করতে হবে। ভিআরই সংক্রমণের চিকিৎসার জন্য অ্যান্টিবায়োটিক পাওয়া যায় কিন্তু এগুলো অল্প থেকে ভিআরই পরিষ্কার করবে না।

আপনার যদি কোনো প্রশ্ন থেকে থাকে অথবা আপনার যদি ভিআরই সম্পর্কে আরও তথ্যের প্রয়োজন হয় তাহলে অনুগ্রহ করে আপনার যত্ন নিচ্ছেন এমন নার্সিং অথবা মেডিক্যাল স্টাফদের জিজ্ঞাস করতে দ্বিধা করবেন না।

## যোগাযোগের বিবরণ

যদি আপনার কোনো প্রশ্ন অথবা উদ্বেগ থেকে থাকে তাহলে অনুগ্রহ করে আপনার দেখাশোনার ডাক্তার, আপনার জিপি অথবা হাসপাতালের সাথে কথা বলুন। আপনি 0121 554 3801 নম্বরে ইনফেকশন প্রিভেনশন অ্যান্ড কন্ট্রোল টিমের সাথে যোগাযোগ করতে পারেন (সংক্রমণ প্রতিরোধ ও নিয়ন্ত্রণ সার্ভিসের জন্য চান)।

বা অন্যথায়, আমাদের কাছে নিম্নোক্ত ঠিকানা বরাবর আপনি চিঠিও লিখতে পারেন:

### Infection Prevention and Control Team

City Hospital  
Dudley Road  
Birmingham  
B18 7QH

## আরো তথ্য

পাবলিক হেলথ ইংল্যান্ড-এর ওয়েবসাইটে আরও তথ্য পাওয়া যাবে <https://www.gov.uk/government/organisations/public-health-england>.

আমাদের হাসপাতাল এবং সার্ভিসগুলো সম্পর্কে আরো তথ্যের জন্য অনুগ্রহ করে আমাদের [www.swbh.nhs.uk](http://www.swbh.nhs.uk) ওয়েবসাইটগুলো দেখুন, টুইটারে আমাদেরকে ফলো করুন @SWBHnhs এবং ফেসবুকে [www.facebook.com/SWBHnhs](https://www.facebook.com/SWBHnhs) আমাদের লাইক দিন।

## এই পুস্তিকার তথ্যের জন্য যেসব উৎস ব্যবহার করা হয়েছে

পাবলিক হেলথ ইংল্যান্ড (2008) এন্টারোকোকাস প্রজাতি এবং গ্লাইকোপেপটাইড-প্রতিরোধী এন্টারোকোকি (জিআরই)। এখানে পাওয়া যায়: <https://www.gov.uk/guidance/enterococcus-species-and-glycopeptide-resistant-enterococci-gre> (30 জানুয়ারি 2023 তারিখে অ্যাক্সেস করা হয়েছে)।